

Translation Practice Sheet-1**(Based on Note 1-3)**

স্বাধীনতার আগে মোশতাক যখন জেলে, তখন তার অসুস্থ স্ত্রীর সব দায়দায়িত্ব নিয়েছিলেন আমার মা। আমার দাদির মৃত্যুর পর মোশতাকের সেই অস্বাভাবিক কান্না এখনো আমার চোখে ভাসে। মোশতাক সেদিন মাটিতে পড়াগড়ি করে কান্নাকাটি করছেন, যা অনেককেই অবাক করেছে। তখন তো আর বুঝতে পারিনি, আব্বার বিশ্বাসে ঢুকতে এ ছিলো তার অভিনয়। কী আর করা, ইতিহাসের বাঁকে বাঁকে তো ব্রুটাস, মীর জাফরদের আবির্ভাব ঘটে, মোশতাকের আগমনও আমরা সেভাবেই দেখি।

অনুবাদের টেকনিক (নোট 1/2 অনুযায়ী Structure সাজিয়ে নিই)

(Subj. এর পাশে **Verb** রেড মার্ক করে দিয়েছি)

[Example no. 1] যখন মোশতাক ছিল জেলে স্বাধীনতার আগে, তখন আমার মা নিয়েছিলেন সব দায়দায়িত্ব তার অসুস্থ স্ত্রীর।

[Ex. 2] আমার দাদির মৃত্যুর পর, মোশতাকের সেই অস্বাভাবিক কান্না এখনো ভাসে আমার চোখে।

[Ex.3] মোশতাক কান্নাকাটি করছেন সেদিন মাটিতে পড়াগড়ি করে, যা অবাক করেছে অনেককেই।

[Ex. 4] আমি বুঝতে পারিনি তখন, এ ছিলো তার অভিনয় আব্বার বিশ্বাসে ঢুকতে (আব্বাকে বিশ্বাস করাতে)।

[Ex. 5] কী আর করা? ইতিহাসের বাঁকে বাঁকে ব্রুটাস, মীর জাফরদের আবির্ভাব ঘটে। আমরা দেখি মোশতাকের আগমন সেভাবেই/ একইভাবে।

Sample Solution (নমুনা সমাধান)

1. When Mushtaq was in prison/ jail before independence, my mother took all the responsibility of his sick wife. (*When = যখন ... তখন*)

2. After the death of my grandmother, that unusual cry of Mushtaq still floats in my eyes.

(নোট ২ এর বক্তব্য অনুযায়ী Adverbial-গুলো বাক্যের আগে-পরে সুবিধামত স্থানে বসানো যেতে পারে। তবে মনে রাখতে হবে, কোনো Adverbial phrase/ Participle phrase/ Adverbial Clause বাক্যের শুরুতে বসালে কমা বসাতে হয়।)

3. Mushtaq was crying that day lying on the ground, which surprised many.

(Lying কেনো হলো এ ব্যাপারে নোট-৫ এ Present Participle অংশে ব্যাখ্যা করা হবে)

4. I didn't understand then, it was his performance to gain my father's trust (অথবা, to get Bangabandhu to believe him).

5. What else to do? In the twists and turns of history, Brutuses and Mir Jafars appear/arrive.

We see the arrival of Mushtaq in the same way.

(কেনো শব্দের ইংরেজি জানা না থাকলে কী করবে সেটা নোট-৪ এ বলা হবে)

Translation Practice Sheet-2

(Based on Note 1 & 5)

আফগানিস্তানে খাদ্য সংকট

- ১) আফগানিস্তানে কমপক্ষে ২২ মিলিয়ন মানুষ খাদ্যের সংকটের **মুখে আছে** এবং ৩ দশমিক ২ মিলিয়ন শিশু অপুষ্টিতে **ভুগছে**।
- ২) ভয়াবহ এক মানবিক বিপর্যয়ের মুখে **দাঁড়িয়ে আছে** দেশটি।
- ৩) অথচ আফগান অর্থনীতি **পুরোপুরি** বিদেশি সহায়তা **নির্ভর**।
- ৪) আফগান জিডিপি ৪০ শতাংশ বিদেশি সহায়তা থেকে **আসে**।
- ৫) বিশ্বব্যাংকের হিসাব অনুসারে, কোনো দেশের জিডিপি ১০ শতাংশ বিদেশি সহায়তা থেকে **এলে** সেটি 'দাতানির্ভর দেশ' হিসেবে বিবেচিত হয়।

Sample Solution (নমুনা সমাধান)

Food crisis in Afghanistan

- At least 22 million people in Afghanistan **are facing** food crisis and 3.2 million children **are suffering** from malnutrition.
- The country **is facing** a terrible humanitarian disaster/catastrophe.
- But the Afghan economy **is completely dependent** on foreign aid.
- Forty percent of Afghanistan's GDP **comes** from foreign aid.
- According to the World Bank, **if 10 percent of a country's GDP comes** from foreign aid, **it is considered** a 'donor-dependent country'.

(follow- note 1, অর্থ্যাৎ সরল বাক্যটিকে জটিল বাক্যে রূপান্তর করে নিয়েছি)